# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2016**

**FIRST YEAR (BATCH 2016-19)**

**BENGALI (General)**

Date : 17/12/2016

Time : 11 am – 2 pm

Paper : I

Full Marks : 75

১। নিম্নলিখিত বানানগুলির অশুদ্ধির কারণ উল্লেখ করো এবং শুদ্ধরূপটি লেখো (যে কোনো **পাঁচটি**)। (৫ × ৪)

উপনিসদ, বিস্ফোরন, মাষ্টার, নিশিদ্ধ, আবিস্ট, প্রনাম, রামকৃস্ন, শ্রীমাণ, পন, গ্রহন

২। নিম্নলিখিত গদ্যাংশটির মূলভাব অবলম্বনে সারাংশ লেখো অনধিক ৪০টি শব্দে। প্রদত্ত অনুচ্ছেদের একটি শব্দও উত্তর লেখার ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।

‘‘জ্ঞানের কথা একবার জানিলে আর জানিতে হয় না। আগুন গরম, সূর্য গোল, জল তরল ইহা একবার জানিলেই চুকিয়া যায়; দ্বিতীয়বার কেহ যদি তাহা আমাদের নূতন শিক্ষার মতো জানাইতে আসে তবে ধৈর্য রক্ষা কঠিন হয়। কিন্তু ভাবের কথা বারবার অনুভব করিয়া শ্রান্তিবোধ হয় না। সূর্য যে পূর্বদিকে ওঠে এ কথা আর আমাদের মন আকর্ষণ করে না; কিন্তু সূর্যোদয়ের যে সৌন্দর্য ও আনন্দ তাহা জীবসৃষ্টির পর হইতে আজ পর্যন্ত আমাদের কাছে অম্লান আছে।’’

**অথবা** (১০)

‘‘বটবৃক্ষের নিচে উপবেশন করে সকল ইন্দ্রিয় ও মন সংযত করে গৌতম গভীর ধ্যানে মগ্ন হলেন। ছয় বৎসর ব্যাপী কঠোর সংযম পালনের ফলস্বরূপ পবিত্রতর হয়ে ওঠা তাঁর স্বভাব শুদ্ধমন এরূপ সূক্ষ্মভাব লাভ করেছিল যে, অতি অল্প প্রচেষ্টাতেই তিনি সাধনার শীর্ষে উন্নীত হলেন। রাত্রের প্রথম তিন প্রহর তিনি স্ব স্বরূপে অতি গভীরে নিমজ্জিত হলেন; বৌদ্ধশাস্ত্রে বর্ণিত তাঁর এই সাধনাবস্থা বেদান্তে বর্ণিত ‘নির্বিকল্প সমাধি’ লাভের অনুরূপ। এরূপ সমাধি প্রাপ্ত হলে মন রূপ, চেতনা এবং দ্বৈতবোধের অতীত এক ক্ষেত্রে সমাহিত হয় এবং পরিশেষে সেই সর্বোচ্চ অবস্থা প্রাপ্ত হয়, যেখানে ব্যক্তিসত্তার কোন অস্তিত্ব থাকে না, থাকে কেবলমাত্র নিত্য শুদ্ধ সত্তা।’’

৩। বাংলা গদ্য সাহিত্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

**অথবা** (১০)

উনিশ শতকের গদ্যসাহিত্য রচনায় ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।

৪। যে কোনো **একটি** গ্রন্থ সম্পর্কে টীকা লেখো। (১ × ৫)

ক) কমলাকান্তের দপ্তর  খ) বর্তমান ভারত

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। (২ × ১০)

ক) আধুনিক বাংলা গীতি কবিতার ইতিহাসে বিহারীলালের অবদান আলোচনা করো।

খ) বাংলা কাব্য সাহিত্যে ঈশ্বর গুপ্তের অবদান আলোচনা করো।

গ) বাংলা নাট্য সাহিত্যে দীনবন্ধু মিত্রের অবদান আলোচনা করো।

ঘ) বাংলা উপন্যাস সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।

৬। যে কোনো **দুটি** গ্রন্থ সম্পর্কে টীকা লেখো। (২ × ৫)

ক) পদ্মিনী উপাখ্যান  খ) কৃষ্ণকুমারী  গ) মেঘনাদবধ কাব্য  ঘ) প্রফুল্ল

——— × ———